

## আজ ৯ই আগস্ট

আজ ৯ই আগস্ট ২০১৪ সাল। ছোটবেলায় আব্বাকে প্রশ্ন করেছিলাম - "NEWS" শব্দের উত্পত্তি কি - North East West South থেকে? আব্বা হেসে উত্তর দিয়েছিলেন - "নতুন" বা "new" শব্দের বহুবচন হলো - NEWS...যার অর্থ - খবর...,...আর NEWS যখন পুরোনো হয়ে যায় তখন তা হয় ইতিহাস বা history...অনেকটা story-র মতো...

প্রতিদিনের অনেক খবরের মাঝে উল্লেখযোগ্য ঘটনা হিসেবে ইতিহাসের পাতায় ৯ই আগস্ট এই দিনে - ১৯৪৫ সালে দ্বিতীয় বিশ্বযুদ্ধে জাপানের নাগাসাকি শহরে আমেরিকার বি-২৯ জঙ্গী বিমান থেকে পারমানবিক বোমার আক্রমণে আনুমানিক ৪০,০০০ মানুষের মৃত্যু হয়; ১৯৬৫ সালে সিঙ্গাপুরকে তাদের ইচ্ছার বিরুদ্ধে মালয়েশিয়া থেকে বহিস্কার করে স্বাধীনতা দেয়া হয়; ওয়াটারগেট কেলেঙ্কারির জন্য ১৯৭৪ সালে আমেরিকার প্রেসিডেন্ট রিচার্ড নিক্সন পদত্যাগ করেন; ২০১২ সালের অলিম্পিকে ১০০ ও ২০০ মিটার দৌড়ে জ্যামাইকার Usain Bolt পর পর দুটি স্বর্ণ পদক অর্জন করে বিশ্ব রেকর্ড তৈরী করেন...

১৯৯৪ সালের জাতিসংঘের সিদ্ধান্ত অনুযায়ী প্রতি বছর ৯ই আগস্ট সারা পৃথিবীতে পালিত হচ্ছে - ইন্টারন্যাশনাল ডে অফ দি ওয়ার্ল্ড'স ইন্ডিজিনাস পিপলস্। ২০১৪ সালের এই দিনে জাতিসংঘের সেক্রেটারী জেনারেল - Ban Ki-moon বাণী দিয়েছেন - "Bridging the Gap : Implement the Rights of Indigenous Peoples"।

অস্ট্রেলিয়া সহ পৃথিবীর ৯০টি দেশে ৫০০০-এরও বেশী ইন্ডিজিনাস গ্রুপ বসবাস করেন - যা' পৃথিবীর জনসংখ্যার ৫% এর মতো - সংখ্যায় প্রায় ৪০০ মিলিয়ন। বলিভিয়া ও ওয়াতেমালায় জনসংখ্যার অর্ধেকেরও বেশী ইন্ডিজিনাস মানুষ - যাদের বেশীর ভাগই বসবাস করেন দারিদ্র সীমার নীচে। অস্ট্রেলিয়ার এবোরিজিনালদের আয়ু জাতীয় গড় আয়ুর তুলনায় ১০ বছর কম। ১৯৭১ সালে Neville Bonner প্রথম এবোরিজিনাল অস্ট্রেলিয়ান যিনি ফেডারেল পার্লামেন্টে এমপি হয়েছেন। মাত্র ৩০ বছর আগে ১৯৮৪ সালে এবোরিজিনাল অস্ট্রেলিয়ানদের সবাইকে বাধ্যতামূলক ভোট প্রদানের আওতায় আনা হয়েছে।

জাতিসংঘের আন্তর্জাতিক ইন্ডিজিনাস ডে'র ২০ বছর পূর্তি উপলক্ষে আগামী ২২-২৩ সেপ্টেম্বর ২০১৪তে আমেরিকার নিউ ইয়র্ক শহরে অনুষ্ঠিত হবে - "ফার্স্ট ওয়ার্ল্ড কনফারেন্স অন ইন্ডিজিনাস পিপলস"। কনফারেন্সের সাফল্য কামনা করে প্রার্থনা করি - বছরের সব দিনের সাথে ৯ই আগস্টও পৃথিবীর সব মানুষের জন্য নিয়ে আসুক শান্তি, আনন্দ, ভালবাসা, সম্প্রীতি, সম-অধিকার, বৈষম্য-মুক্ত সমাজ, পরস্পরের প্রতি পরস্পরের সম্মানবোধ...

মাসুদ পারভেজ

mmparvez@yahoo.com

সিডনী

০৯/০৮/২০১৪